# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

ফোনঃ ০২-৪১১০০২৪৪, ইমেইলঃ daosylhet@krishibank.org.bd


নং-বিনিকাসি/প্রশা-৩৩/২০২২-২০২৩/৪০৮ তারিখঃ ৩১.১০.২০২২খ্রি.

**বিষয়ঃ "কৃষি ঋণ কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়ন" শীর্ষক ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

বিকেবি, স্টাফ কলেজ, ঢাকায় গত ২১.১০.২০২২খ্রি. তারিখে 'কৃষি ঋণ কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়ন' শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় কৃষি ঋণ কার্যক্রমের গতিশীলতা আনয়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে বাস্তব ভিত্তিক কার্যক্রম গ্রহণসহ আঞ্চলিক নিরীক্ষা দলের করনীয় সম্পর্কে নির্দেশনা প্রদান পূর্বক তা সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তাদের অবহিতকরণের জন্য পরামর্শ দেয়া হয়। এ লক্ষ্যে কৃষি ঋণ কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়নের জন্য গত ৩১.১০.২০২২খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সিলেট এর সভাপতিত্বে সিলেট বিভাগাধীন আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় কৃষি ঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংকের ঋণ বিতরণ নীতিমালা সম্পর্কে বিস্তারিত অলোচনা হয়। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে আঞ্চলিক নিরীক্ষা দলকে স্বাভাবিক নিরীক্ষা কার্যক্রম পরিচালনাকালে শাখা বাংলাদেশ ব্যাংকের পল্লী ও কৃষি ঋণ বিতরণ পলিসি অনুসরণসহ ব্যাংকের নিজস্ব ঋণ বিতরণ কর্মসূচী বাস্তবায়নে প্রধান কার্যালয়ের নির্দেশনা পরিপালন পূর্বক গুণগত মানসম্পন্ন ও খাত ভিত্তিক ঋণ বিতরণ করছে কিনা তা যাচাই করার জন্য নির্দেশ প্রদান করেন। তাছাড়া শস্য ঋণ আদায় ও বিতরণ সহজীকরণের জন্য ব্যাংকের প্রর্বতিত "আরসিসি" সিস্টেমে লিমিট আকারে শস্য ঋণ বিতরণের নিয়মাবলী ও একই ব্যক্তিকে একাধিক ঋণ ও রিপিট ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণের পরিমান সংক্রান্ত বিষয়ে বিকেবি, ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর পরিচ্ছেদ ০৩,০৫ ও ৩৩.০৭.১ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি মহোদয়ের বক্তব্য শেষে উন্মুক্ত আলোচনায় নিরীক্ষা দল কর্তৃক শাখা নিরীক্ষাকালে ঋণ মঞ্জুরী, বর্ধিতকরণ, বিতরণ ও নবায়নে শাখায় প্রাপ্ত কিছু সাধারণ সমস্যা বিষয় তুলে ধরে এই বিষয়ে তাদের করণীয় জানতে চাইলে সভাপতি মহোদয় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণের অস্পষ্টতার বিষয়ে জবাব প্রদান করেন।

সভায় আর কোন বিষয় আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অধীর চন্দ্র দাস)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

F:\Md. Sirajul Manir\Zoom Meeting\Minutes.docx